

গাংনীতে কলেজের অধ্যক্ষের চেয়ারে আগুন, উত্তেজনা

মেহেরপুর প্রতিনিধি >

মেহেরপুরের গাংনী টেকনিক্যাল ও বিজনেস ম্যানেজমেন্ট কলেজের অধ্যক্ষ বর্তমান পদে নেই দাবি করে তাঁর চেয়ারে আগুন দেওয়া হয়েছে। গতকাল শনিবার সকালে কলেজ ক্যাম্পাসে এ ঘটনা ঘটে।

গাংনী টেকনিক্যাল ও বিজনেস ম্যানেজমেন্ট কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ এম ফিদা হাসান বলেন, কলেজের সাবেক অধ্যক্ষ আবুল কালাম আজাদ বিধিবিহীনভাবে কলেজে আসবেন—এমন খবর সংসদ সদস্য মো. মকবুল হোসেনকে জানানো হয়। পরে সংসদ সদস্য পুলিশ ও ছাত্রলীগের নেতাকর্মীদের কলেজে পাঠান। ছাত্রলীগের নেতাকর্মীরা সাবেক অধ্যক্ষের চেয়ারে আগুন ধরিয়ে দেয়। তবে এ অভিযোগ অস্বীকার করে গাংনী উপজেলা ছাত্রলীগের সভাপতি তৌহিদ হোসেন বলেন, 'কে বা কারা অধ্যক্ষের চেয়ারে আগুন দিয়েছে জানি না।'

গাংনী টেকনিক্যাল ও বিজনেস ম্যানেজমেন্ট কলেজ পরিচালনা পরিষদের সাবেক সদস্য আব্দুল হামিদ জানান, বিধিবিহীনভাবে আবুল কালাম আজাদ কলেজে আসবেন—এমন খবর পেয়ে ছাত্রলীগ ও পরিষদের সাবেক কয়েকজন সদস্য কলেজে অবস্থান নিয়েছেন। আবুল কালাম আজাদের বিরুদ্ধে আওয়ামী লীগ নেতা মুকুল আমিন হত্যাসহ নাশকতার মামলা রয়েছে। এ ছাড়া তৎকালীন কমিটি তাঁকে বরখাস্ত করেছে।